



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)

বিসিসি ভবন, প্লট # ই-১৪/এক্স, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৮১৪৪০৪৬, ফ্যাক্সঃ ৮৮-০২-৯১২৪৬২৬, ই-মেইলঃ ed@bcc.net.bd; mahfuz1041@yahoo.com Web: www.bcc.net.bd

স্মারকঃ ৩৯.১০৭.০২৫.০০.০০.২৪১.২০১০-১৭৯৫

তারিখঃ ২৮ জুন, ২০১০

বিষয়ঃ মেট্রো ও উপজেলা পর্যায়ে স্থাপিত কম্পিউটার ল্যাবের শিক্ষকদের শিক্ষক প্রশিক্ষণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক ২০০৯-২০১০ অর্থবছরে উপজেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবের সুষ্ঠু ব্যবহার, রক্ষণাবেক্ষণ এবং ছাত্র-ছাত্রীদের মাঝে যথাযথভাবে Skill transfer এর স্বার্থে “ICT essentials for teachers” শীর্ষক ১০ দিনের একটি সংক্ষিপ্ত শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন করা হয়েছে। “জেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন এবং আইসিটি প্রশিক্ষণ চালুকরণ” প্রকল্পে স্থাপিত ল্যাবে এই প্রশিক্ষণ আয়োজন করা হবে এবং বিসিসি’র প্রশিক্ষণ খাত হতে এর ব্যয় নির্বাহ করা হবে। প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালনার লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়গুলো অনুসরণের অনুরোধ করা হ’লঃ

(ক) প্রশিক্ষণার্থী শিক্ষক নির্বাচন করার ক্ষেত্রে সম্প্রতি স্থাপিত কম্পিউটার ল্যাবের কম্পিউটার শিক্ষক/ল্যাবের দায়িত্ব পরিচালনাকারী শিক্ষককে অগ্রাধিকার দেয়া যেতে পারে (তালিকা সংযুক্ত; তালিকাটি www.bcc.net.bd এবং www.bdpatsala.com.bd-তেও আছে)।

(খ) সম্ভাব্য প্রশিক্ষণার্থীদের তালিকা হতে ইতোমধ্যে প্রশিক্ষণ প্রাপ্তদের বাদ দিয়ে অন্যান্য শিক্ষকদের নির্বাচন করা যেতে পারে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান অথবা ল্যাবের নিকটবর্তী প্রতিষ্ঠানের প্রধানের সাথে আলোচনাক্রমে অপেক্ষাকৃত তরুণ এবং কম্পিউটার বিষয়ে পারদর্শী/আগ্রহী শিক্ষককে প্রশিক্ষণের জন্য নির্বাচন করা যেতে পারে।

(গ) এ কার্যক্রমে প্রতিটি প্রশিক্ষণ কোর্সে ২জন সহকারী প্রোগ্রামার একত্রে একটি ল্যাবে কাজ করবেন। অধিকতর দক্ষ প্রশিক্ষকের প্রয়োজন হলে www.bcc.net.bd-এর Training menu-তে জেলা ভিত্তিক দক্ষ এবং আগ্রহী বিষয় ভিত্তিক প্রশিক্ষকের তালিকা হতে মোবাইল/ই-মেইলে যোগাযোগ করে ক্লাস নেওয়ার জন্য অনুরোধ করা যেতে পারে। সে ক্ষেত্রে প্রশিক্ষণের তারিখ ও সময় সমন্বয় করতে হবে।

(ঘ) প্রশিক্ষণের সিডিউল চূড়ান্ত করে [প্রশিক্ষণের তারিখ, সময়, প্রশিক্ষণার্থীদের চূড়ান্ত তালিকা (প্রশিক্ষণার্থী শিক্ষকের নাম শিক্ষা প্রতিষ্ঠানের নাম, পদবী, ই-মেইল, মোবাইল নম্বরসহ)] বিসিসিকে জানাতে হবে।

(ঙ) প্রতিদিন প্রশিক্ষণ শুরুতে এবং শেষে অর্থাৎ প্রতিদিন ন্যূনতম দুইবার প্রশিক্ষণার্থীদের হাজিরা নিতে হবে এবং ১০% এর বেশী সংখ্যক ক্লাসে অর্থাৎ মোট ৬০ ঘন্টার প্রশিক্ষণে ৬ ঘন্টার বেশী অনুপস্থিত কোন প্রশিক্ষণার্থীকে সার্টিফিকেট এবং সম্মানী ভাতা দেয়া যাবে না।

(চ) এসএসসি এবং এইচএসসি পর্যায়ের শিক্ষকদের একত্রে প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে। হার্ডওয়্যার ও ট্রাবলশুটিং এবং অপারেটিং সিস্টেমের (Linux সহ) উপর গুরুত্ব দিতে হবে। সংক্ষিপ্ত সিলেবাস www.bcc.net.bd এবং www.bdpatsala.com.bd-তে পাওয়া যাবে।

(ছ) প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণ যেন আবশ্যিকভাবে কম্পিউটার Assemble এবং Disassemble করতে পারে এবং Software Load ও Trouble Shooting সহ Operating System এবং Application Package এর উপর ধারণা লাভ করতে পারে তা নিশ্চিত করতে হবে। হার্ডওয়্যার প্রশিক্ষণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে পুরাতন পিসি ব্যবহার করা যেতে পারে।


(জ) প্রশিক্ষণার্থী নির্বাচন এবং প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার আনুষঙ্গিক বিষয়াদি জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কমিটির উপদেষ্টাগণকে অবহিত করে কমিটির সভায় চূড়ান্ত করা যেতে পারে।

২। জেলার নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা অনুযায়ী প্রশিক্ষণের সম্ভাব্য ব্যয়বাবদ টাকার একটি চেক এতদসঙ্গে প্রেরণপূর্বক এর প্রাপ্তি স্বীকার ও প্রশিক্ষণ শেষে ব্যয়ের সকল মূল ভাউচার (www.bcc.net.bd এ রক্ষিত নমুনা মোতাবেক) বিসিসিতে পাঠাতে অনুরোধ করা হলো।

সরকার ঘোষিত **ভিশন ২০২১ : ডিজিটাল বাংলাদেশ** বিনির্মাণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

সংযুক্তঃ নং ক্রস চেক।

জেলা প্রশাসক
(সকল জেলা প্রশাসক)


(মোঃ মাহফুজুর রহমান)
অতিরিক্ত সচিব
ও কার্যনির্বাহী পরিচালক

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সচিব
শিক্ষা মন্ত্রণালয়/ বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, বিভাগ।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার,
- ৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
- ৬। প্রোগ্রামার, বিভাগীয় প্রশিক্ষণ কেন্দ্র,, প্রশিক্ষণ তদারকি করাসহ প্রয়োজনে ক্লাস নেয়ার অনুরোধ করা হল।
- ৭। সহকারী প্রোগ্রামার,
জেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন ও আইসিটি প্রশিক্ষণ চালুকরণ প্রকল্প, বিসিসি।